দৈনিক বাংলা

তারিখ .. 29 APR 1992 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

# ক্যাম্পাসে ফের সংঘর্ষ ॥ গুলি ও বোমাবাজি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ছাত্রলীগের (না-শ) অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে বিবদমান দু'টি গ্রুপের মধ্যে গতকাল মঙ্গলবার আবারো বন্দুক যুদ্ধ হয়েছে। প্রায় আধঘন্টা স্থায়ী এ সংঘর্ষে কমপক্ষে ৫০ রাউণ্ড গুলি ও বোমা বর্ষণ করা হয়। সংঘর্ষ বন্ধ করতে পুলিশ বেশ কয়েক রাউণ্ড ফাঁকা গুলি ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এতে হতাহতের কোন খবর পাওয়া যায়নি।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, গতকাল দুপুর প্রায় দেড়টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন এলাকায় এ সংঘর্ষ শুরু হয়। পরে বিবদমান গ্রুপ দু'টির একটি মহসীন হলে ও একটি সূর্যসেন হলের সামনে গিয়ে প্রতিপক্ষের

ক্যাম্পাস ঃ পৃঃ ৭ কঃ ৮

## ক্যাম্পাস ঃ ছাত্র সংঘর্ষ

( ১ম পাতার পর )

দিকে লক্ষ্য করে অবিরাম গুলি বর্ষণ করতে থাকে। এ সময় পুরো কলাভবন এলাকায় এক ভয়ার্ত পরিবেশের সৃষ্টি হয়। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কর্মচারীরা কাজকর্ম বন্ধ করে দিয়ে প্রাণভয়ে দ্রুত নিরাপদ স্থানে আশ্রয় নেয়। সংঘর্ষ শুরুর পর পরই পুলিশ অস্ত্রধারীদের লক্ষ্য করে কাঁদানে গ্যাস নিক্ষেপ করতে থাকে। কিন্তু এতে সংঘর্ষ বন্ধের কোন লক্ষণ দেখা না গেলে পুলিশ বেশ কয়েক রাউণ্ড ফাঁকাগুলি বর্ষণ করে। ফলে অস্ত্রধারীরা পালিয়ে যায়।